

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৬৩৮

পর্ব-১১: হজ (এшыл) المناسك

পরিচ্ছেদঃ ৭. প্রথম অনুচ্ছেদ - কুরবানীর পশুর বর্ণনা

بَابُ الْهَدْي

আরবী

وَعَنْ عَلِيّ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: أَمَرَنِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ أَقُومَ عَلَى بُدْنِهِ وَأَنْ أَتَصَدَّقَ بِلَحْمِهَا وَجُلُودِهَا وَأَجِلَّتِهَا وَأَنْ لَا أُعْطِيَ الْجَزَّارَ مِنْهَا قَالَ: «نَحْنُ نُعْطِيهِ مِنْ عِنْدنَا»

বাংলা

২৬৩৮-[১২] 'আলী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে (বিদায় হজে) কুরবানীর উটগুলো দেখাশুনা করতে, তার মাংস (গোসত/মাংস), চামড়া ও ঝুল (গরীবদের মাঝে) বন্টন করে দিতে এবং কসাইকে কিছু না দিতে আদেশ করেছিলেন। তিনি বলেছিলেন, আমরা আমাদের নিজের কাছ থেকে তার (কসাইয়ের) পারিশ্রমিক দিবো। (বুখারী ও মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ১৭১৭, মুসলিম ১৩১৭, সুনানুল কুবরা লিল বায়হাকী ১৯২৩২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম 'আলী (রাঃ)-কে আদেশ করেছেন যে, তার উট যা মক্কায় প্রেরণ করেছিলেন, যার সংখ্যা ছিল একশতটি। সেগুলোকে দেখাশুনা করা ও কুরবানী করে গোশ্ত (গোসত/গোশত) ও চামড়াগুলো সাদাকা করতে। আর তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) উটের গোশ্ত কসাইকে দিতে নিষেধ করেছেন। অর্থাৎ- কুরবানীর গোশত কাজের বিনিময়ে কসাইদেরকে দিতে নিষেধ করেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন